

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২৪ আগস্ট ২০১৬ খ্রিঃ


২০১৬-২০১৭ অর্থবছরের প্রথম মাসেই রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে এনবিআর :
৯ হাজার ৫৯৭ কোটি টাকা রাজস্ব সংগ্রহ। লক্ষ্যমাত্রার চেয়ে ৮৮ কোটি টাকা বেশি।

চলতি ২০১৬-২০১৭ অর্থবছরের প্রথম মাসেই রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। জুলাই ২০১৬ মাসে আয়কর, শুল্ক ও মূসক তিনটি খাতে ৯ হাজার ৫০৯ কোটি টাকার লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আয় হয়েছে ৯ হাজার ৫৯৭ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৮৮ কোটি টাকা বেশি। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০০.৯২ শতাংশ, যা ২০১৫-২০১৬ অর্থবছরে একইসময়ে রাজস্ব সংগ্রহের তুলনায় প্রায় ১০ শতাংশ বেশী।

উল্লেখ্য, চলতি অর্থবছরে এনবিআরের রাজস্ব আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা রয়েছে ২, ০৩, ১৫২ কোটি টাকা। জাতীয় রাজস্ব বোর্ড রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী ও সুসংহত করার লক্ষ্যে সরকারের রাজনৈতিক নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সম্মানিত করদাতাদের সাথে আলোচনা ও অংশীদারিত্বের ভিত্তিতে সকলের সহযোগিতায় ২০১৫-২০১৬ অর্থবছরের নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রার চেয়েও প্রায় ৫ হাজার ৫২৮ কোটি টাকা বেশী সংগ্রহ করেছে।

অর্থবছরের প্রথম মাসেই রাজস্ব লক্ষ্যমাত্রা অতিক্রম করার বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, রাজস্ব বিভাগে কর্মরত সবাই মিলে কাজ করেছে। সঠিক সময়ে যোগ্য ব্যক্তিকে উপযুক্ত পদে পদায়ন করেছে। চলমান মামলা নিষ্পত্তিতে সন্তোষজনক অগ্রগতি ছিল। বকেয়া আদায়েও বেশ ভালো অগ্রগতি হয়েছে। রাজস্ব সংগ্রহকারী কর্মকর্তাদের অতিরিক্ত পরিশ্রমে অর্থবছরের প্রথম মাসেই লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৮৮ কোটি টাকা বেশি রাজস্ব সংগ্রহ সম্ভব হয়েছে। এক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য দেশপ্রেমিক জনগণ ও সম্মানিত করদাতাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। সর্বোপরি, মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিক-নির্দেশনা, মাননীয় অর্থমন্ত্রীর প্রাজ্ঞ তত্ত্বাবধান ও উৎসাহ এবং মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর বিশেষ সহযোগিতা এ বৃহৎ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করবে বলে দৃঢ়ভাবে আশা করছি।

বর্ধিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)

সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া